তারিখ 31 DEC 1988
পৃষ্ঠা 4 কলাম 3

দৈনিক সংবাদ

270

তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

## পরীক্ষার ফি আদায়ে নৈরাজ্য

জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত হারে পরীক্ষার ফি আদায় করা হচ্ছে। কোন ক্ষেত্রে দ্বিগুণ তিনগুণ এমনকি তারও অধিক ফি আদায়েরও নজির রয়েছে। এ বছর ঢাকা শিক্ষা বোর্ড বিজ্ঞান শাখার ছাত্র/ছাত্রীদের জন্য ১৮০ টাকা এবং মানবিক শাখার ছাত্র/ছাত্রীদের জন্য ১৬৫ টাকা বোর্ড ফি ধার্য করে। বিদ্যালয় কর্তৃপক্ষের শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ডের ফি, কেন্দ্র ফি সহ ৬ মাসের আগাম ছাত্রবেতন আদায় করার কথা। এই হিসেব অনুযায়ী পরীক্ষার ফি কোন ক্রমেই ৫শ' টাকার অধিক হওয়ার কথা নয়। কিন্তু অধিকাংশ বিদ্যালয়ে পরীক্ষার্থীদের কাছ থেকে বিনা রসিদে অনেক বেশী অর্থ আদায় করা হচ্ছে। দু'মাসের বাধ্যতামূলক কোচিং ক্লাস, সেশন চার্জ এবং বিভিন্ন ফাণ্ড ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে চাঁদা বাবদ পরীক্ষার্থীদের কাছ থেকে রসিদ ব্যতীত এসব অর্থ নেয়া হয়। আমরা তাই এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছি।

সুকান্ত সাহা,
সরিষাবাড়ী টাউন,
জামালপুর।